

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

১২৪/৯০/৩, ব্রক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১



স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৩০১

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

জনসংযোগ, তথ্য ও পরামর্শ

দপ্তর

www.iau.edu.bd

E-mail: iaupro.bd@gmail.com

তারিখ: ০১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়া
সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ বিজ্ঞপ্তি

দেশ পরিচালনা ও জাতি গঠনে আলিয়া মাদরাসার অবদান অনন্বীকার্য: ইআবি উপাচার্য

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যাপেলের প্রফেসর ড. মোঃ শামছুল আলম বলেন, “আলিয়া মাদরাসার শিক্ষা ব্যবস্থার ইতিহাস আমাদের জীবনে এক সোনালী অধ্যায় হয়ে আছে। এ শিক্ষা ব্যবস্থা তার সৃষ্টি থেকে আজ পর্যন্ত মাদরাসা শিক্ষার সাথে সাধারণ শিক্ষার সমন্বয় করে মাদরাসা শিক্ষার্থীদের যেকোন বিষয়ে পারদর্শিতা, মেধা-বৃদ্ধিভিত্তিক চর্চা ও প্রতিযোগিতামূলক পরীক্ষায় সমকক্ষতা সৃষ্টি করার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। দেশ পরিচালনা ও জাতি গঠনে এই আলিয়া মাদরাসার অবদান অনন্বীকার্য।”

আজ মঙ্গলবার (০১.১০.২০২৪) সকাল ১০টায় ঐতিহাসিক আলিয়া মাদরাসা শিক্ষা দিবস উপলক্ষ্যে জাতীয় প্রেসক্রাবের আন্দুস সালাম হলে বাংলাদেশ মাদরাসা ছাত্রকল্যাণ পরিষদ কর্তৃক আয়োজিত এক সেমিনারে উপাচার্য প্রফেসর ড. মোঃ শামছুল আলম প্রধান অতিথি হিসেবে এসব কথা বলেন।

ভাইস চ্যাপেলের বলেন, “আলিয়া মাদরাসাগুলোতে শিক্ষার আধুনিকীকরণ ও মানোন্নয়নের জন্য দরকার শিক্ষকদের উন্নত বিষয়াভিত্তিক প্রশিক্ষণ ও মানসম্মত শিক্ষা ব্যবস্থার আদলে যুগেযুগে শিক্ষা ব্যবস্থার প্রবর্তন। এ ব্যবস্থা প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়িত হলে শিক্ষার্থীরা সার্বিক শিক্ষার উন্নতির পূর্ণাঙ্গ অভিষ্ঠ লক্ষ্যে পৌছে যাবে বলে বিশ্বাস করি।”

আলীয়া মাদরাসার শিক্ষার্থীদের উদ্দেশ্য করে মাননীয় ভাইস চ্যাপেলের বলেন, আলীয়া মাদরাসা আমার হস্তের সাথে সম্পর্কিত। সতত ও যোগ্যতা থাকলে শক্তি ও আপনার সুনাম করতে প্রস্তুত থাকবে। তাই তিনি আলীয়া মাদরাসার শিক্ষার্থীদেরকে দক্ষ, যোগ্য ও সততার সাথে নিজেকে গড়ে তোলার আহ্বান জানান।

বাংলাদেশ মাদরাসা ছাত্রকল্যাণ পরিষদের উপদেষ্টা অধ্যক্ষ মাওলানা যাইনুল আবেদীনের সভাপতিত্বে সেমিনারটিতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের প্রফেসর ড. আ.ক.ম আন্দুল কাদের এবং প্রবন্ধ উপস্থাপন করেন।

এ সেমিনারে উদ্বোধনী বক্তব্য প্রদান করেন মাদরাসা ছাত্রকল্যাণ পরিষদের কেন্দ্রীয় উপদেষ্টা মাওলানা কেফায়েত উল্লাহ ও সঞ্চালনা করেন উক্ত পরিষদের আহ্বায়ক মাওলানা মু. তৈয়াব হোসাইন।

০১. ১০. ২০২৪
(আবু সালেহ মুহাম্মদ মুসা)
সেক্রেটারি
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।